

নং- স্মারক নং- ৪৬.০৪৫.০১৮.০২.৯১.০৯১.২০১৭-৫১৮


তারিখ : ২৮ ফাল্গুন ১৪২৪
১২ মার্চ ২০১৭

প্রজ্ঞাপন

উপজেলা পরিষদ (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর ১৮নং বিধি অনুযায়ী উপজেলা পরিষদের তহবিল চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক যৌথভাবে পরিচালনা করার বিধান রয়েছে। কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার আটটি এবং লাকসাম উপজেলার একটি ইউনিয়নের সমন্বয়ে 'লালমাই' উপজেলা সৃষ্টি/গঠন করা হয়। অদ্যাবধি উক্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান (মহিলা) পদে নির্বাচন অনুষ্ঠিত হয়নি বিধায় আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না।

০২। উক্ত প্রেক্ষাপটে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৭২ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার কুমিল্লা জেলার নবগঠিত 'লালমাই' উপজেলার নির্বাচনালয়ে পরিষদ গঠনসহ নির্বাচিত চেয়ারম্যান কর্তৃক কার্যভার গ্রহণ না করা বা পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত উক্ত উপজেলা পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি- এর অর্থ উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুমিল্লা সদর দক্ষিণ (লালমাই উপজেলার দায়িত্বে) এর যৌথ স্বাক্ষরে উত্তোলন ও ব্যয়ের ক্ষমতা প্রদান করিল।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।



(মোহাম্মদ জাহিরুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

নং- স্মারক নং- ৪৬.০৪৫.০১৮.০২.৯১.০৯১.২০১৭-৫১৮

তারিখ : ২৮ ফাল্গুন ১৪২৪
১২ মার্চ ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, কুমিল্লা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, লালমাই/কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা/ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লালমাই, কুমিল্লা।
১২. উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ/লালমাই, কুমিল্লা।
১৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।


(মোহাম্মদ জাহিরুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭২৩০